

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৮

७. সদাচারণ ও न्যाय़निष्ठं সংশ्लिष्ठं किञाव (کِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ আল্লাহর আদেশ পালন এবং নিষেধ থেকে বিরত থাকার সময় মহান আল্লাহর প্রতি আস্থা রাখা জরুরী

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ التِّقَةِ بِاللَّهِ فِي أَحْوَالِهِ عِنْدَ قِيَامِهِ بِإِتْيَانِ الْمَأْمُوراتِ وَانْزِعَاجِهِ عَنْ جَمِيعِ الْمَزْجُورَاتِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ إِبْرَاهِيمَ مَوْلَى تَقِيفٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُشْمَانَ أَبِي نَمِرٍ قَالَ: حَدَّثَنَا خَالِدُ بْنُ مِخلدٍ قَالَ: حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ بِلَالٍ قَالَ: حَدَّثَنِي شَرِيكُ بْنُ أَبِي نَمِرٍ عَنْ عَطَاءٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ اللَّهَ جَلَّ وَعَلَا عَنْ عَطَاءٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ اللَّهَ جَلَّ وَعَلَا يَقُولُ: مَنْ عَادَى لِي وَلِيًّا فَقَدْ آذَانِي وَمَا تقرَّب إِلَيَّ عَبْدِي بِشَيْءٍ أَحبَّ إِلَيَّ مِمَّا افْتَرَضْتُ عَلَيْهِ وَمَا يَزَالُ يَتَقَرَّبُ إِلَيَّ بِالنَّوَافِلِ حَتَّى أُحِبَّهُ فَإِذَا أَحْبَبْتُهُ كَنتُ سَمْعَهُ الَّذِي يَسْمَعُ بِهِ عَلَيْهِ وَمَا يَزَالُ يَتَقَرَّبُ إِلَيَّ بِالنَّوَافِلِ حَتَّى أُحِبَّهُ فَإِذَا أَحْبَبْتُهُ كَنتُ سَمْعَهُ الَّذِي يَسْمَعُ بِهِ عَلَيْهِ وَمَا يَزَالُ يَتَقَرَّبُ إِلَيَّ بِالنَّوَافِلِ حَتَّى أُحِبَّهُ فَإِذَا أَحْبَبْتُهُ كَنتُ سَمْعَهُ الَّذِي يَسْمَعُ بِهِ وَيَدَهُ الَّتِي يَبْطِشُ بِهَا وَرِجْلَهُ الَّتِي يَمْشِي بِهَا فَإِنْ سَأَلَنِي عَبْدِي وَبَعْ شَيْءٍ أَنَا فَاعِلُهُ تردُّدي عَنْ نفس المؤمن أَعْطَيْتُهُ وَإِنِ السْتَعَاذَنِي أَعَذْتُهُ وَمَا تَرَدَّدُتُ عَنْ شَيْءٍ أَنَا فَاعِلُهُ تردُّدي عَنْ نفس المؤمن عَنْ الموت وأكره مساءته.)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 348 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৪৮. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, মহান আল্লাহ বলেছেন: "যে ব্যক্তি আমার বন্ধুর সাথে শক্রতা করে, সে আমাকে কষ্ট দেয়। আমার বান্দা আমার সবচেয়ে নিকটবর্তী হয়, আমি যা ফরয করে দিয়েছি তার মাধ্যমে। নফলের মাধ্যমে সে আমার নিকটবর্তী হতেই থাকে এমনকি আমি তাকে ভালবাসি। যখন আমি তাকে ভালবাসি, তখন আমি তার কান হয়ে যাই, যে কান দিয়ে সে শ্রবণ করে, আমি তার চোখ হয়ে যাই, যা দিয়ে সে দেখে, আমি তার হাত হয়ে যাই, যা দিয়ে সে ধরে, আমি তার পা হয়ে যাই, যা দিয়ে সে হাঁটে। আমার বান্দা যদি আমার কাছে কিছু চায়, তবে আমি তাকে তা প্রদান



করি। যদি সে আমার কাছে কোন কিছু থেকে আশ্রয় চায়, তবে আমি তাকে তা থেকে আশ্রয় দেই। যে কাজ আমি করবো সেই কাজ করতে আমি ততটা দ্বিধান্বিত হই না, যতটা দ্বিধান্বিত হই মু'মিন ব্যক্তির জান কবজ করতে। সে মৃত্যু অপছন্দ করে, আর তাঁকে কষ্ট দেওয়া আমি অপছন্দ করি।"[1]

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: لَا يُعرف لِهَذَا الْحَدِيثِ إِلَّا طَرِيقَانِ اثْنَانِ: هِشَامٌ الْكِنَانِيُّ عَنْ أَنَسٍ وَعَبْدُ الْوَاحِدِ بْنُ .مَيْمُونِ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ وَكِلَا الطَّرِيقَيْن لَا يَصِحُّ وَإِنَّمَا الصَّحِيحُ مَا ذَكَرْنَاهُ

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: "এই হাদীসটির দুটি সানাদ ব্যতিত আর কোন সানাদ জানা যায় না। একটি সানাদ যা হিশাস আল কিনানী আনাস থেকে বর্ণিত হয়েছে আরেকটি সানাদ আব্দুল ওয়াহিদ বিন মাইমূন উরওয়া থেকে তিনি 'আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণনা করেছেন। সানাদ দুটির কোনটাই বিশুদ্ধ নয়। বিশুদ্ধ সেটাই যা আমরা উল্লেখ করেছি।"

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ৩৯৮৯; আবু নু'আইম, হিলইয়াতুল আওলিয়া: ১/৫; সহীহ আল বুখারী: ৬৫০২।

হাদীসটির সানাদের ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৬৪০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন